

## 🗏 ইউসুফ | Yusuf | فُوسُف

আয়াতঃ ১২: ৪৮

## **আ** আরবি মূল আয়াত:

## ثُمَّ يَاتِى مِن بَعدِ ذَٰلِكَ سَبعٌ شِدَادٌ يَّاكُلنَ مَا قَدَّمتُم لَهُنَّ اِلَّا قَلِيلًا مِّمَّا تُحصِنُونَ ﴿٢٨﴾

## 

'তারপর আসবে সাতটি কঠিন বছর। এর জন্য তোমরা পূর্বে যা সঞ্চয় করে রেখে দেবে এরা (ঐ সময়ের লোকেরা) সেগুলো খেয়ে ফেলবে, সামান্য কিছু ছাড়া যা তোমরা সংরক্ষণ করে রাখবে'। — আল-বায়ান এরপর আসবে সাতটি কঠিন বছর। এ সময়ের জন্য পূর্বে যা তোমরা সঞ্চয় করেছিলে তা লোকে খাবে, কেবল সেই অল্পটুকু বাদে যা তোমরা সঞ্চয় করবে। — তাইসিক্রল

এরপর আসবে সাতটি কঠিন বছর; এই সাত বছর যা পূর্বে সঞ্চয় করে রাখবে - লোকে তা খাবে; শুধু সামান্য কিছু যা তোমরা সংরক্ষণ করবে তা ব্যতীত। — মুজিবুর রহমান

Then will come after that seven difficult [years] which will consume what you saved for them, except a little from which you will store. — Sahih International

৪৮. এরপর আসবে সাতটি কঠিন বছর(১), এ সাত বছর, যা আগে সঞ্চয় করে রাখবে, লোকেরা তা খাবে; শুধুমাত্র সামান্য কিছু যা তোমরা সংরক্ষণ করবে, তা ছাড়া।(২)।

- (১) আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেনঃ কুরাইশরা যখন ইসলাম গ্রহণ করতে গড়িমসি করল তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অ্যাসাল্লাম তাদের উপর বদদোয়া করে বললেনঃ হে আল্লাহ! আমাকে তাদের ব্যাপারে ইউসুফ আলাইহিস সালামের সাত বছরের মত সাত বছর দিয়ে যথেষ্ট করুন। ফলে কুরাইশগণ এমন এক দুর্ভিক্ষে পতিত হলো যে, সবকিছু ধ্বংস হয়ে গেল। এমনকি তারা হাড় খেতেও বাধ্য হয়। অবস্থা এমন দাঁড়ায় যে, তাদের কোন কোন লোক ক্ষুধার তাড়নায় আকাশের দিকে তাকালে শুধু ধোঁয়ার মত অম্বচ্ছ দেখতে পেত। আল্লাহ বলেনঃ "সুতরাং অপেক্ষা করুন সেদিনের যেদিন আকাশ সুস্পষ্ট ধোঁয়া নিয়ে আসবে"। তোমরা ফিরে আসবে। কিয়ামতের দিনের পরে কি তাদের শাস্তি থেকে অব্যাহতি দেয়া হবে? ধোঁয়া চলে গেছে তবে আল্লাহর পাকড়াও বাকী আছে। [বুখারীঃ ৪৬৯৩, মুসলিমঃ ২৭৯৮]
- (২) কারণ সেটা তোমরা তোমাদের বীজ হিসেবে রেখে দিবে। অর্থাৎ তা খেয়ে ফেলো না। কোন কোন মুফাসসির এর অর্থ করেছেন যে, এগুলো তোমরা না খেয়ে জমা রাখবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৪৮) এরপর আসবে সাতটি কঠিন (দুর্ভিক্ষের) বছর, এই সাত বছর যা পূর্বে সঞ্চয় করে রাখবে, লোকে তা খাবে;[1] শুধু সামান্য কিছু যা তোমরা সংরক্ষণ করবে তা ব্যতীত। [2]
  - [1] আল্লাহ তাআলা ইউসুফ (আঃ)-কে স্বপ্নের ব্যাখ্যা-জ্ঞান প্রদান করেছিলেন, ফলে তিনি অবিলম্বে সেই স্বপ্নের ব্যাখ্যা বুঝতে পারলেন। তিনি সাতিট মোটা-তাজা গাভী দ্বারা এমন সাতিট বছর অর্থ নিলেন, যে বছরগুলিতে খুব ভাল ফসল উৎপন্ন হবে। আর সাতিট শীর্ণকায় গাভী দ্বারা তার বিপরীত দুর্ভিক্ষের সাতিট বছর অর্থ নিলেন। অনুরূপ সাতিট সবুজ শীষ দ্বারা ব্যাখ্যা নিলেন যে, যমীনে অধিকহারে ফসল উৎপন্ন হবে এবং সাতিট শুঙ্ক শীষ দ্বারা যমীনে সাত বছর ফসল উৎপন্ন না হওয়ার ব্যাখ্যা নিলেন। সেই সাথে তার জন্য কি ব্যবস্থা নিতে হবে তাও বলে দিলেন; বললেন, 'পর পর সাত বছর চাষাবাদ করবে এবং যে শস্য উৎপন্ন হবে, তা কেটে শীষ সহ জমা রাখবে; যাতে শস্য ভালভাবে সংরক্ষিত থাকে। পরে যখন সাতিট দুর্ভিক্ষের বছর আসবে, তখন সে শস্য তোমাদের কাজে আসবে, যা তোমরা সঞ্চয় করে রাখবে।'

[2] مما تحصنون (যা তোমরা সংরক্ষণ করবে)এর অর্থ হল, সেই শস্যবীজ যা পুনরায় চাষ করার জন্য সংরক্ষণ করে রাখবে।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1644

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন